ঝিনাইদহে ১৫ কেজি রুপাসহ ১জন গ্রেফতার

ঝিনাইদহে ১৪ কেজি ৫শ গ্রাম রুপাসহ ১জন কে গ্রেফতার করেছে ডিবি পুলিশ।
অফিসিয়াল প্রেস বিজ্ঞপ্তি মারফত জানা যায়, গতকাল শনিবার দুপুরে ঝিনাইদহ ডিবি পুলিশের একটি আভিযানিক দল অভিযান পরিচালনা করে ঝিনাইদহ সদর থানাধীন ভেটেরিনারি সরকারী কলেজের সামনে থেকে আব্দুর রশিদ (২৮) কে ১৪ কেজি পাঁচশ গ্রাম রুপা সহ গ্রেফতার করে, সে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ফুলবাড়ীয়া মালিথা পাড়ার গ্রামের মোঃ জামাত আলীর ছেলে।

মেহেরপুরের আলোচিত শিল্পপতি হাবিব গ্রেফতার

মেহেরপুরের বহুল আলোচিত ও সমালোচিত হাবিবুর রহমান হাবিব (৪৮) অবশেষে পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রাম থেকে সদর থানা পুলিশের একটি দল তাকে গ্রেফতার করতে সক্ষম হয়।
হাবিবুর রহমান হাবিব পিরোজপুর গ্রামে মৃত আজিম উদ্দিনের ছেলে।

কখনো শিল্পপতি, কখনো রাজনৈতিক নেতা আবার কখনো নির্বাচনে অংশগ্রহণ করতে গিয়ে এলাকার মানুষের সামনে আসার চেষ্টা করেন এই হাবিব।

ঢাকার একটি আদালতে প্রতারণার তিনটি মামলায় তিন বছরের উপরে তার সাজা রয়েছে বলে জানায় পুলিশ।

গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা সাহা দারা খান বলেন, ঢাকার আদালতে সাজা পরোয়ানা তামিল করতেই তাকে গ্রেপ্তার করা হয়েছে। শনিবার বিকেলে তাকে আদালতে

সোপর্দ করা হয়েছে।

জানা গেছে, প্রতারণার অভিযোগে ঢাকার আদালতে হাবিবের বিরুদ্ধে মামলা করে কয়েকজন। যার ধারা ৪২০ ও ৪০৬। মামলাগুলোতে বিজ্ঞ আদালত ১ বছরের বেশি করে সাজার আদেশ দেন হাবিবের বিরুদ্ধে।

সাজা মাথায় নিয়ে আত্মগোপনে ছিলেন হাবিব। তবে পুলিশ তাকে গ্রেপ্তারের জন্য বিভিন্নভাবে চেষ্টা করছিল। শেষ পর্যন্ত আমঝুপি গ্রাম থেকে তাকে গ্রেফতার করতে সক্ষম হয় সদর থানা পুলিশ।

মেহেরপুরে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে আঞ্চলিক ইজতেমার শেষ

মেহেরপুরে দশ হাজার এরও বেশি মুসল্লির সমাগমে আখেরি মোনাজাতের মধ্য দিয়ে তিন দিন ব্যাপি আঞ্চলিক ইজতেমার শেষ হয়েছে।

শনিবার ১২ টার দিকে মেহেরপুর সরকারি কলেজ মাঠে ঢাকা থেকে আগত মওলানা মুফতি মোশাররফ হোসেনের আম বয়ানে ও সারাবিশ্বে বৈশ্বিক করোনা মহামারী থেকে মুক্তির জন্য আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হলো তিন দিন ব্যাপি আঞ্চলিক ইজতেমার।

এসময় অন্যদের মধ্যে ইজতেমায় বইয়ান পরিবেশন করে ভারত থেকে আগত মাওলানা মুফতি কেফায়েত উল্লাহসহ অনেক ইসলামী বক্তারা।

এসময় ইজতেমা মাঠে নিরাপত্তার জন্য পুলিশ প্রশাসনের পক্ষ থেকে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল ও তার পাশাপাশি র্যাব ও সাদা পোশাকে নিরাপত্তার দায়িত্ব পালন করেন

কোটচাঁদপুরে পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুকুরের পানিতে ডুবে আব্দুল্লাহ নামে দুই বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। শনিবার দুপুরে উপজেলার ফুলবাড়ি গ্রামের পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত সাব্বির ওই গ্রামের আমিরুল ইসলামের ছেলে।
স্থানীয় সূত্রে জানাযায়, শনিবার দুপুরে শিশু আব্দুল্লাহ খেলতে যেয়ে বাড়ির পাশে একটি পুকুরে পড়ে যায়। পরে পরিবারের লোকজন পুকুরের মধ্যে শিশু আব্দুল্লাহর ডুবন্ত অবস্থায় দেখতে পায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কোটচাঁদপুরে ইউপি সদস্যেরবাড়ি থেকে বিদেশী অস্ত্র ও গুলি উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে এক ইউপি সদস্য’র বাড়ি থেকে
একটি বিদেশী ৯ এম.এম পিস্তল ও ২ রাউন্ড গুলি উদ্ধার করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। শুক্রবার গভীর রাতে উপজেলার বলুহর ইউনিয়নের হাড়ভাঙ্গা বিদ্যাধরপুর গ্রামের ৬নং ওয়ার্ড ইউপি
সদস্য নজরুল ইসলামের বাড়ির পাটকাঠির গাদা থেকে এই অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ ওসি মাহবুবুল আলম
বিষয়টি নিশ্চিত করে জানান, বলুহর ইউপি সদস্য নজরুল ইসলামের বাড়িতে অস্ত্র ও গুলি আছে এমন গোপন সংবাদের ভিত্তিতে শনিবার দিবাগত রাত ১ টার দিকে ওই মেম্বারের বাড়িতে এস.আই শামিম
সহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করা হয়।

এসময় বাড়ি তল্লাশীর এক পর্যায়ে বাড়ির ছাদের উপরে একটি
পাটকাঠির গাদা থেকে কাগজে মোড়ানো অবস্থায় একটি
বিদেশী ৯ এমএম পিস্তল ও ২ রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

ওসি জানান, ইউপি সদস্য নজরুল কয়েকদিন আগে মোটরসাইকেল
দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে ভর্তি। বিষয়টি নিবিড় ভাবে
তদন্ত চলছে। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত কোন কিছু বলা সম্ভব হচ্ছে
না। এঘটনায় কোটচাঁদপুর থানায় অস্ত্র আইনে একটি মামলা
দায়ের হয়েছে।

কুষ্টিয়ায় পেঁয়াজের বাম্পার ফলন, দাম নিয়ে হতাশা

কুষ্টিয়ার কৃষক কৃষানিরা ক্ষেতের ফসল পেঁয়াজ তোলা নিয়ে ব্যস্ত সময় পার করছে। কাক ডাকা ভোর থেকে শুরু করে সন্ধ্যা পর্যন্ত চলছে কৃষক কৃষানিদের পেঁয়াজ তোলা আর বাড়িতে নিয়ে আসা। কুষ্টিয়া জেলায় এবার পেঁয়াজের ফলনও বাম্পার হয়েছে। তবে দাম নিয়ে বিপাকে পড়েছে চাষিরা।

কুষ্টিয়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সুত্র জানায়, চলতি ২০২০-২০২১ অর্থ বছরে কুষ্টিয়া জেলায় ১২ হাজার ৪৪০ হেক্টর জমিতে পেঁয়াজ রোপনের লক্ষ্যমাত্রা ধরা হলেও সেখানে অর্জিত হয়েছে ১২ হাজার ৯১২ হেক্টর জমিতে। লক্ষ্যমাত্রার চেয়ে ৪৭২ হেক্টর জমিতে বেশী আবাদ হয়েছে। তবে এ তথ্য কৃষকেরা মানতে নারাজ।

কৃষকরা জানায়, কৃষি অফিসের তথ্য সঠিক না কারণ তারা মাঠে নেমে কোন জরিপ করেননি। পেঁয়াজের আবাদ হয়েছে আরও বেশী।

কুষ্টিয়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানায়, চলতি মৌসুমে কুষ্টিয়া সদর উপজেলায় ১ হাজার ৬০৫ হেক্টর জমিতে পেঁয়াজ লাগানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও সেখানে অর্জিত হয়েছে ১ হাজার ৬১০ হেক্টর । খোকসা উপজেলায় লক্ষ্যমাত্রা ছিল ২ হাজার ৭৫০ হেক্টর,

সেখানে অর্জিত হয়েছে ২ হাজার ৯৭৪ হেক্টর। কুমারখালী উপজেলায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৫ হাজার ২০ হেক্টর, সেখানে অর্জিত হয়েছে ৫ হাজার ২৯০ হেক্টর। মিরপুর উপজেলায় লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ৪০০ হেক্টর সেখানে অর্জিত হয়েছে ৩২০ হেক্টর । ভেড়ামারা উপজেলায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ২৪০ হেক্টর সেখানে অর্জিত হয়েছে ২২০ হেক্টর। দৌলতপুর উপজেলায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ২ হাজার ৪২৫ হেক্টর সেখানে অর্জিত হয়েছে ২ হাজার ৪৯৮ হেক্টর জমিতে।

কুষ্টিয়া শহরতলী বাড়াদী গ্রামের পেঁয়াজ চাষি আব্দুল করিম বলেন, এবার পেঁয়াজের বাম্পার ফলন হয়েছে। তবে বাজার দর নিয়ে আমরা হতাশায় পড়েছি।

তিনি বলেন, এক বিঘা জমিতে পেঁয়াজ রোপন করে ঘরে তোলা পর্যন্ত ৩৫ থেকে ৪০ হাজার টাকা ব্যয় হয়। সেখানে পেঁয়াজ বিঘা প্রতি উৎপাদন হয় ৫০ থেকে ৬০ মণ। যেহারে খরচ হয়েছে সে তুলনায় বাজারের মূল্য খুবই কম। পেঁয়াজ ৫০ টাকা কেজি বিক্রি করতে পারলে তবে চাষিরা কিছুটা হলেও টাকার মুখ দেখতো।
একই এলাকার অপর এক চাষি সাবেক মেম্বর নওশের আলী বলেন, তিনি ৪ বিঘা জমিতে পেঁয়াজ আবাদ করেছে, তার এ পর্যন্ত করচ হয়েছে দেড় লাখ টাকা। এখনো আরো খরচ রয়েছে। তার ধারণা বিঘা প্রতি ৫০ মণ পেঁয়াজ পাবে না।

পেঁয়াজ চাষি মকসেদ আলী জানান, তিনি ইতোমধ্যে তার ক্ষেত থেকে পেঁয়াজ তুলে ৩৫ টাকা কেজি দরে বিক্রি করেছে। এতে করে তিনি লোকসান গুনছে।
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়ার উপ-পরিচালক শ্যামল কুমার বিশ্বাস বলেন, কুষ্টিয়ায় এবার পেঁয়াজ আবাদ হয়েছে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী। ফলনও হয়েছে ভালো। চাষিরা এবার পেঁয়াজের ন্যায্য মূল্য পাবে।

সবার জন্য শিক্ষা নিশ্চিত করার

তাগিদ দিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব

সবার জন্য শিক্ষা নিশ্চিত করার তাগিদ দিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব একেএম টিপু সুলতান।
গতকাল শুক্রবার সকালে মিরপুর উপজেলার আমলা-সদরপুর মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তনে আলহাজ্ব বেলায়েত হোসেন শিক্ষবৃত্তি প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন।
তিনি বলেন, কুষ্টিয়া জেলা সব দিক থেকে এগিয়ে থাকলেও শিক্ষায় পিছিয়ে আছি।

সারাদেশে শিক্ষার হার ৭০ ভাগের উপরে থাকলেও কুষ্টিয়া জেলায় এর হার ৫০ ভাগ। আর এই শিক্ষার হার কম থাকার কারনে আমরা এগুতে পারি না। তাই ঝরে পড়া রোধে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, এই এলাকার কৃতি সন্তান শিল্পপতি বশির আহমেদ সাহেব (আলহাজ্ব বেলায়েত হোসেন) যে শিক্ষা বৃত্তি প্রদান করছে এটি অবশ্যই সমাজে শিক্ষিত এবং মানবিকতার গুণাবলি তুলে ধরতে কাজ করছে।

বৃত্তি প্রাপ্তদের উদ্দেশ্যে তিনি বলেন, আজকে যারা বৃত্তি নিচ্ছো তারা নিশ্চয়ই আগামীতে দেশের হাল ধরবে। আজকে এখান থেকে বৃত্তি পাওয়া শিক্ষার্থীরা তোমাদের চিন্তা থাকবে কেবল পড়ালেখা আর পড়ালেখা। মানুষের মতো মানুষ হতে নিজেকে আবেগ তাড়িয়ে আগামীর জন্য কাজ করতে হবে।
অভিভাবকদের উদ্দেশ্যে তিনি বলেন, পরিবারটাকে তৈরি করতে হবে নিজের মতো করে। আপনার সন্তানকে চোখে চোখে রাখবেন, কোথায় যায় কি করছে। কেননা এ সমাজ গড়তে শিক্ষক সমাজ, শিক্ষার্থী সমাজ ও অভিভাবক সমাজকে এগিয়ে আসতে হবে। এজন্য অভিভাবকদেরই দায়িত্ব নিতে হবে। আপনার সন্তানকে শিক্ষিত করে তোলেন আপনাকে আর দারিদ্র্য থাকতে হবে না বলেও জানান তিনি।

এসময় তিনি উপস্থিত শিক্ষকদেরকেও প্রশিক্ষলব্ধ জ্ঞানকে কাজে লাগানোর আহবান জানান।
ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি এর ব্যাবস্থাপনা পরিচালক, শিক্ষানুরাগী শিল্পপতি বশির আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক যুদ্ধাপরাধ

ট্রাইব্যুনাল এর সাবেক প্রসিকিউটর ব্যারিস্টার সায়েদুল হক সুমন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি. এর চেয়ারম্যান নারগিস আহমেদ, বাংলাদেশ ব্যাংকের উপপরিচালক ও লেখক নাজমুল হুদা, জাতীয় ক্রীড়া সংগঠক আমিরুল ইসলাম, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার মহাসচিব রবিউল ইসলাম, ইবির ডেপুটি রেজিস্টার আব্দুর রশিদ প্রমুখ।

ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি. এর পৃষ্ঠপোষকতায় ও ক্যারিয়ার কেয়ার ডট কম ও ‘আলোকিত আমলা’র সহযোগিতায় জেলার ৬টি উপজেলার এসএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত অস্বচ্ছ্ল পরিবারের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষায় সহায়তার জন্য ১০ লক্ষ টাকার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

দর্শনায় এমপি ও কেরুজ এমডির সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাত

চুয়াডাঙ্গা-২ আসনের ৪ বার নির্বাচিত সংসদ সদস্য, দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির প্রধান পৃষ্টপোষক হাজি আলী আজগার টগর ও অপর পৃষ্টপোষক কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদের সাথে সৌজন্য সাক্ষাত করেছেন সাংবাদিকরা।

গতকাল শুক্রবার সন্ধ্যায় দর্শনা পৌর আ.লীগের কার্যালয়ে এমপি আলী আজগার টগর ও রাত ৮ টার দিকে কেরুজ কারখানা বিভাগের মহাব্যবস্থাপকের কার্যালয়ে মিলের এমডি মোঃ আবু সাঈদের সাথে সৌজন্য মূলক সাক্ষাত করেন দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ।

এ সময় উপস্থিত ছিলেন, প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির উপদেষ্ঠা

কেরুজ চিনিকলের মহাব্যাবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দিন, প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহসভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহসাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সিনিয়র সাংবাদিক এফএ আলমগীর, রাজিব মল্লিক, জামান তারিক, হাসমত আলী, সুজন মাহমুদ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, মাসুম বিল্লাহ, আবিদ হাসান রিফাত, আ. হান্নান, ফরহাদ হোসেন প্রমুখ।

দামুড়হুদায় ইউপি চেয়ারম্যান পদপ্রার্থী কাদিরের গণসংযোগ

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী হাজী আঃ কাদির নির্বাচনী গণসংযোগ ও মতবিনিময় করেছেন।
জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের হাতিভাঙ্গা- মুক্তাপুর গ্রামে গতকাল বেলা ৩ টার দিকে আসন্ন দামুড়হুদা ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী হাজী আঃ কাদির হাতিভাঙ্গা- মুক্তারপুর গ্রামের সর্বসাধারণের সাথে গণসংযোগ ও মতবিনিময় করেন।

গণসংযোগ করা কালে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়নের ৭ নং ওয়ার্ড আ.লীগের সভাপতি কলম উদ্দিন, সাধারণ সম্পাদক ইব্রাহীম মেম্বার, যুবলীগ নেতা খোকন, তারিখ, শরিফুল, শাহীন, সাইফুল, খালেক, মিনারুল, শরিফ, আশরাফুল প্রমুখ।

গণসংযোগ ও মতবিনিময় কালে চেয়ারম্যান পদপ্রার্থী হাজী আঃ কাদির ইউনিয়ন বাসীর উদ্দেশ্য বলেন, আসন্ন ইউনিয়ন পরিষদের নির্বাচনে আমি চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে অংশ গ্রহণ করতে যাচ্ছি ইতিমধ্যেই আপনারা জেনেছেন। আমনাদের দোয়া ও ভালোবাসায় মহান আল্লাহ আমাকে অনেক ভালো রেখেছেন, সকলে আমার জন্য দোয়া করবেন। পৃথিবীরতে

প্রতিটা মানুষের বেশ কিছু আশা থাকেন তেমনি নির্বাচন করে আপনাদের সেবা করা আমার একটা আশা। এমনিতেই আমি যখন যেভাবে যতটুকু পেরেছি মানুষের পাশে দাঁড়াতে চেষ্টা করে গেছি। আমার মনে হয়েছে জনপ্রতিনিধিদের মাধ্যমে জনসাধারণের সাথে সবচেয়ে কাছ থেকে মেশা ও সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডের চিত্র তুলে ধরা যায়। সে লক্ষ নিয়েই মূলত আমার নির্বাচন আশা। আপনারা আমার পাশে থাকলে আমি বিজয়ী হবো। আপনাদের দৌড় গোড়াতে সেবা পৌঁছে দেওয়া, ডিজিটাল ও মাদকমুক্ত ইউনিয়ন গড়ার লক্ষ্যে আপনাদের পাশে থেকে কাজ করতে চায়।

কুষ্টিয়ায় পক্ষকালব্যাপী যাত্রা উৎসবের উদ্বোধন করলেন-হানিফ

স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে “ফিরে চল মাটির টানে” এই শ্লোগানকে সামনে রেখে কুষ্টিয়ায় পক্ষকালব্যাপী যাত্রা উৎসবের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার রাতে জেলা শিল্পকলা একাডেমী, কুষ্টিয়ার আয়োজনে মিলপাড়া ক্লাব মাঠে পক্ষকালব্যাপী যাত্রা উৎসবের শুভ উদ্বোধন করা হয়।
অনুষ্ঠিত যাত্রা উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর আসনের সাংসদ ও বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মাহবুব উল আলম হানিফ এমপি।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমারখালী খোকসা-আসনের সাংসদ ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ, কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম এবং দিশার নির্বাহী পরিচালক মোঃ রবিউল ইসলাম, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক মোঃ আমিরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক শাহীন সরকার, শহীদুর রহমান রবিসহ সংশ্লিষ্টরা ।

উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতে শিল্প-সংস্কৃতি চর্চায় অনবদ্য অবদান রাখায় দিশার নির্বাহী পরিচালক মোঃ রবিউল ইসলামকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।
এরপর জেলা যাত্রা উন্নয়ন পরিষদ এর পরিবেশনায় মঞ্চস্থ হয় “বাংলার মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিব” যাত্রাপালা।